

৭০৬

Ms. Sayfeda Begum Programme (2) ৭/১০/২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
কৃষি ও পল্লী পরিসংখ্যান জরিপ
(এআরএসএস) প্রকল্প-২০১৭
পরিসংখ্যান ভবন (৯ম তলা, ব্লক-১)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.bbs.gov.bd

২০/০৩/২০১৮
সৌভাগ্য

নথি নং-৫২.০১.০০০০.৩৫০.০৭.০৭.১৭-৬৪

তারিখঃ ২০ ফাল্গুন, ১৪২৪ বঙ্গাব্দ
০৪মার্চ, ২০১৮খ্রিঃ

কোটেশন বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর আওতাধীন কৃষি ও পল্লী পরিসংখ্যান জরিপ (এআরএসএস) প্রকল্প-২০১৭ শীর্ষক প্রকল্প বাস্তবায়ন কাজে ব্যবহারের জন্য সিডিউলে বর্ণিত ইনভেলাপ(বড় খাম) ক্রয়ের নিমিত্ত “পাবলিক প্রকিউরমেন্ট আইন -২০০৬” এবং “পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮” অনুযায়ী কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন Request for Quotation (RFQ)এর মাধ্যমে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষ কোটেশন আহবান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

০১। বিস্তারিত বিবরণ সম্বলিত মুদ্রণ সামগ্রী কোটেশন সিডিউল প্রকল্প পরিচালক, কৃষি ও পল্লী পরিসংখ্যান জরিপ (এআরএসএস) প্রকল্প-২০১৭ শীর্ষক প্রকল্প এগ্রিকালচার উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন (৯ম তলা ব্লক-১) ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭ এর দপ্তর হতে আগামী ১৫-০৩-২০১৮ খ্রিঃ তারিখ, বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত বিনামূল্যে সংগ্রহ করা যাবে।

০২। কোটেশন সিডিউল নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে রক্ষিত কোটেশন বাক্সে সর্বশেষ ১৮-০৩-২০১৮ খ্রিঃ বিকাল ৩:০০ মিনিট পর্যন্ত জমা দেয়া যাবে এবং একই দিন বিকাল ৩:৩০ ঘটিকায় দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি কর্তৃক দরপত্র উন্মুক্ত ও মূল্যায়ন করা হবে।

০৩। কোটেশনের সাথে হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স (২০১৭-২০১৮), হালনাগাদ (২০১৬-২০১৭) আয়কর পরিশোধ সংক্রান্ত সনদপত্র এবং ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট দাখিল করতে হবে।

০৪। সিডিউলে বর্ণিত Specification অনুযায়ী মালামাল সরবরাহ করতে হবে।


০৫। কার্যাদেশ প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে কার্যাদেশ-এ বর্ণিত মালামাল প্রকল্পের কার্যালয়ে সরবরাহ করতে হবে।

০৬। প্রচলিত হারে আয়কর, ভ্যাট, ইত্যাদি কর্তনপূর্বক প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা থেকে ইস্যুকৃত চেকের মাধ্যমে দাবীকৃত বিল ২০১৭-১৮ অর্থবছরে পরিশোধ করা হবে। এ জন্য প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে ০৩ (তিন) কপি বিল ও চালান সরবরাহ করতে হবে।

০৭। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত পণ্যে কোন প্রকার ত্রুটি/সমস্যা/কার্যাদেশে বর্ণিত পণ্যের সাথে গড়মিল দেখা দিলে নিজ খরচে ত্রুটিমুক্ত অথবা প্রয়োজনে সম্পূর্ণ নতুন সরবরাহ করতে হবে, তজ্জন্য নতুন কোন বিল দাবী করা যাবে না।

০৮। ইচ্ছুক কোটেশন দাতা প্রতিষ্ঠান একটি কোটেশন পত্রে বিকল্প দর প্রদান করতে পারবে না।

০৯। কোন কারণ দর্শনো ছাড়াই যে কোন কোটেশন গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।



(মোঃ আখতার হাসান খান)

প্রকল্প পরিচালক

ফোন-৮১৮১৪২৯

বিতরণঃ

১। পরিচালক, কম্পিউটার উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা
(কোটেশন বিজ্ঞপ্তিটি বিবিএস এর Website এ প্রকাশের জন্য অনুরোধসহ)

২। উপপরিচালক, এসটিএম শাখা, এফএ এন্ড এমআইএস, বিবিএস, আগারগাঁও, ঢাকা (বিজ্ঞপ্তিটি বিবিএস এর নোটিশ বোর্ডে প্রকাশের জন্য অনুরোধসহ)

৩। অফিস নোটিশ বোর্ড, এআরএসএস প্রকল্প-২০১৭, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা

৪। মেসার্স

৫। অফিস কপি।